

আইআইইউসি'র সেমিনারে প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন
**তিনিই একজন ভাল ও যোগ্য শিক্ষক যিনি
শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে পারেন**

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন বলেছেন, তিনিই একজন ভাল ও যোগ্য শিক্ষক যিনি শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে পারেন।

আজ সকালে কুমিরাস্ত্র স্থায়ী ক্যাম্পাসে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর ইন্সটিটিউশনাল কোয়ালিটি এশিওরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত 'কোয়ালিটি অফ হায়ার এডুকেশন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন এই অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে সেমিনারের মূল বক্তব্য উপস্থাপন করেন আইআইইউসি'র সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসি'র সহযোগী পরিচালক জুনায়েদ কবীর।



আইআইইউসি'র সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন প্রধান অতিথির বক্তব্যে বলেন, প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন শিক্ষকতার গুণগত মান বৃদ্ধির গুরুত্বারোপ করে বলেন, শিক্ষকতাকে নিছক চাকরী হিসাবে মনে না করে দায়িত্ব হিসাবে গ্রহণ করতে হবে। শিক্ষার্থীরা যাতে বিরক্ত না হয় শিক্ষকদের পাঠদানে তা লক্ষ্য রাখতে হবে।

সেমিনারের মূল বক্তব্যে আইআইইউসি'র সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, ভাল লেকচার চলমান অগ্রগতির একটা প্রক্রিয়া। শিক্ষার্থীদের মনোযোগী করার জন্য উপস্থাপনে সেরাটাই দিতে হবে। তিনি বলেন, এখন প্রযুক্তির যুগ, তাই লেকচারের বিষয়কে মজাদার ও কার্যকর পদ্ধতিতে উপস্থাপন করতে হবে।

সভাপতির বক্তব্যে আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসাইন বলেন, একজন শিক্ষককে ব্যক্তিগত পর্যায়ে আত্মমূল্যায়ন করা উচিত। নিজের যোগ্যতাকে মাগে নিরূপণ করতে হবে। এতে শিক্ষকতার গুণগত মান বৃদ্ধি পাবে এবং এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া হওয়া উচিত বলে তিনি উল্লেখ করেন। **প্রেস বিজ্ঞপ্তি**

(মোসতাক খন্দকার)

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম